ভোরের কাগজ

তারিখ ১৩ NOV ১৯৯৮
পৃষ্ঠা ৮২ কলাম ৩

# এবতেদায়ী মাদ্রাসাকে প্রাথমিক ও গণশিক্ষা বিভাগে আনার নির্দেশ

কাগজ প্রতিবেদক : প্রধানমন্ত্রী শেখ হাসিনা এবতেদায়ী মাদ্রাসাকে শিক্ষা মন্ত্রণালয় থেকে পৃথক করে প্রাথমিক ও গণশিক্ষা বিভাগের অধীনে আনার নির্দেশ দিয়েছেন। গতকাল বৃহস্পতিবার শিক্ষা মন্ত্রণালয়ে অনুষ্ঠিত এক পর্যালোচনা বৈঠকে প্রধানমন্ত্রী এই নির্দেশ দেন।

তিনি বলেন, এবতেদায়ী মাদ্রাসা শিক্ষা প্রাথমিক শিক্ষার সমান পর্যায়ের। কিন্তু মাদ্রাসা বোর্ডের অন্তর্ভুক্ত থাকায় এবতেদায়ী মাদ্রাসা সরাসরি শিক্ষা মন্ত্রণালয়ের অধীনে চলে আসে। ফলে প্রাথমিক শিক্ষায় শিক্ষিত হারের মধ্যে এবতেদায়ী মাদ্রাসায় শিক্ষিতদের অন্তর্ভুক্ত করা হয় না। তিনি অবিলম্বে মাদ্রাসা শিক্ষা বোর্ড থেকে এবতেদায়ী মাদ্রাসাকে আলাদা করে প্রাথমিক ও গণশিক্ষা বিভাগে নেওয়ার নির্দেশ দেন।